



মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি ও পর্যালোচনা সংক্রান্ত ইনোভেশন টিমের ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	জনাব মোঃ ওয়াহেদুর রহমান পরিচালক মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
তারিখ	:	২৯ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ
সময়	:	বেলা ১১.০০ ঘটিকা
স্থান	:	মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের সভা কক্ষ
উপস্থিতি	:	পরিশিষ্ট- 'ক'

২। সভাপতি ইনোভেশন টিমের সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিস্টেম এনালিস্ট জনাব শংকর ভৌমিক সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান যে, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রম নং- ১.১.১ এ সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের বিষয়টি উল্লেখ রয়েছে। সে লক্ষ্যে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের নিমিত্ত বাংলাদেশ গেজেটের মোবাইল অ্যাপস সার্চিং সিস্টেমসহ গুগল প্লে স্টোর এর মাধ্যমে **Launch** বা চালু করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় জানানো হয় এটি চালু হলে ঘরে বসেই সেবা প্রত্যাশীগণ সার্চিং পদ্ধতিতে তাদের কাঙ্ক্ষিত গেজেট খুব সহজে খুঁজে বের করতে পারবেন। তাছাড়া কর্মপরিকল্পনার কার্যক্রম নং- ১.৪.২ এ ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন করার বিষয়ে এবং কার্যক্রমের ২.২.৫ নং-এ দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন করার বিষয়েও সভায় আলোচন করা হয়। আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১. মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম নং ১.১.১ এ সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত ০৪/০৫/২০২৩ তারিখের মধ্যে বাংলাদেশ গেজেটের মোবাইল অ্যাপস চালু করতে হবে।
২. মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন করতে হবে।
৩. মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত ৩১/০৫/২০২৩ তারিখের মধ্যে দেশে/বিদেশে বাস্তবায়িত একটি উদ্যোগ পরিদর্শন করতে হবে।
৪. পরিশেষে আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং উল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ওয়াহেদুর রহমান)

পরিচালক

ফোন-৫৫০৩০০২৮

director@dpp.gov.bd